

বিমানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ক প্রশিক্ষণ

- A Monitor Desk Report

Date: 22 April, 2024



ঢাকা: বাংলাদেশ এয়ারলাইন্স ট্রেনিং সেন্টারে (বিএটিসি) তে রবিবার (২২ এপ্রিল) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালনা করেন।

বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (অতিরিক্ত সচিব) শফিউল আজিম, পরিচালক গ্রাহক সেবা (যুগ্মসচিব) মো. মতিউল ইসলাম চৌধুরী, বিমানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ সকল স্তরের কর্মচারীরা কর্মশালায় উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণ কর্মশালায় এভিয়েশন ও পর্যটন খাতের টেকসই উন্নয়ন নিয়ে আলোচনা হয়। তথ্য ও প্রযুক্তি ভিত্তিক পরিবর্তনশীল বিশ্ব ব্যবস্থার সাথে সমন্বয়ের লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন বিষয়ে আলোকপাত করা হয়।

প্রশিক্ষণ কর্মশালা শেষে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো. মোকাম্মেল হোসেন বিএটিসি'র কার্যক্রম পরিদর্শন করেন। তিনি বিএটিসি কে এভিয়েশন বিষয়ক একটি পূর্ণাঙ্গ একাডেমিতে রূপান্তরের বিষয়ে পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করেন।

-B